গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম
কলেজ কোড : ৪৩০৬, ইআইআইএন : ১০৪৩০২

নং-৬৪৭

তারিখ ঃ ২২/০১/২০২৪ খ্রি.

# বিজ্ঞপ্তি

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজে জমা দেয়ার বিজ্ঞপ্তি

আবেদনের যোগ্যতা ঃ-

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০২০/২০২১ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) এবং ২০২০/২০২১ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র **i)** এইচ.এস.সি. (ভোকেশনাল) **ii)** এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) **iii)** ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

২। প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (**Eligible**) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) নুন্যতম গ্রেড পয়েন্ট ৩.০০ থাকতে হবে।

৩। একজন প্রার্থী তার পছন্দ অনুযায়ী শুধু একটি কলেজেই ভর্তির জন্য আবেদন করতে পারবে। সংশ্লিষ্ট কলেজের অধিভুক্ত বিষয়সমূহের তালিকা **Website** থেকে জানা যাবে।

৪। ২২/০১/২০২৪ খ্রি. বিকেল ৪ টা হতে ১১/০২/২০২৪ খ্রি. রাত ১২.০০ টার মধ্যে **Online (www.nu.ac.bd/admissions)** এ প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করতে হবে।

৫। **Sonali eSheba** মাধ্যমে আবেদন ফি পরিশোধের নিয়ম ঃ-

ক) **Sonali eSheba Apps. Open** করে, **Menubar** থেকে **National University Fees Select** করতে হবে, তারপর **Application Fee Option** এ **Click** করে **Honours** এবং কলেজের নাম **Govt. Commerce College Select** করে ডাউনলোডকৃত ফরমের ৭ ডিজিটের **Admission Roll, Name** এবং **Mobile No.** দিয়ে ৩৫০/- পরিশোধ করতে হবে।

খ) **Sonali eSheba Apps.** এর মাধ্যমে জমাকৃত টাকার **Payment Slip** টির সংশ্লিষ্ট কলেজের অংশ আবেদন ফরমের সাথে জমা দিতে হবে এবং শিক্ষার্থীর অংশ সংরক্ষণ করতে হবে। ডাউনলোডকৃত আবেদন ফরমটি আবেদকারীর স্বাক্ষরপূর্বক কলেজে জমা না দিলে তার ফরমটি নিশ্চয়ন করা যাবে না এর ফলে মেধা তালিকা তৈরীতে বিবেচিত হবে না।

৬। আবেদন ফরম কলেজে জমা দেয়ার তারিখ, সময় ও স্থান : ০১/০২/২০২৪ খ্রি. হতে ১১/০২/২০২৪ খ্রি. পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত) সময় ঃ সকাল ১০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত একাডেমিক ভবনের নিচ তলায়।

৭। **Govt. Commerce College, Chattogram (4306)** এ বিদ্যমান অনার্স বিষয় সমূহ ঃ
(১) হিসাববিজ্ঞান (২) ব্যবস্থাপনা (৩) ফিন্যান্স ও ব্যাংকিং (৪) মার্কেটিং (৫) অর্থনীতি (৬) ইংরেজি (৭) বাংলা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/ স্নাতক(সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

খ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্নতর শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৯। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয় ঃ

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) **Honours tab** এ গিয়ে **Apply now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/ বিশ্ববিদ্যালয় ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) ডাটাবেজ সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** অথবা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to change** অপশনে গিয়ে সঠিক তথ্যটি এন্টি দিতে হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (**Eligible**) বিষয়ে তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যেকোন কলেজের নাম **Select** করলে ঐ কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্ককতা সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার প্রযোজ্য কোটা **Select** করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটায় পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি **Scan** করে (**Upload**) করতে হবে। প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে (**A4-(8.5"×11")** অপসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটিসংশোধন : আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার প্রাথমিক ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্য অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security Key** অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লেখিত ব্যক্তিগত মোবাইলে নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্টি দিয়ে প্রার্থী তার আবেদন ফরম নিশ্চয়ন করার পর নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

জ) আবেদন ফরমের সাথে জমা দিতে হবে ঃ

■■ ০১। ডাউনলোডকৃত ফরমটি আবেদনকারীর স্বাক্ষরপূর্বক এবং **Sonali eSheba Apps.** এর মাধ্যমে জমাকৃত টাকার **Payment Slip** টির সংশ্লিষ্ট কলেজের অংশ।

■■ ০২। এসএসএসি পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিষ্ট্রেশন কার্ড এর এক সেট ফটোকপি (সত্যায়ন বিহীন)।

■■ ০৩। এইচএসসি পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিষ্ট্রেশন কার্ড এর এক সেট ফটোকপি (সত্যায়ন বিহীন)।

ঝ) ভর্তি কার্যক্রমের সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) মাধ্যমে জানা যাবে।

প্রতিস্বাক্ষর,

২২/৭/২৪

প্রফেসর সুসেন কুমার বড়ুয়া
অধ্যক্ষ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।

22.07.2024

মোহাম্মদ ইউনুচ
সহযোগী অধ্যাপক ও আহ্বায়ক
স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কমিটি (২০২৩-২০২৪)
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।